২৭/৫/২০০১

তারিখ ........
পৃষ্ঠা ২ কলাম ৩

# ২০তম বিসিএস প্রভাষকদের ৩১ মে কর্মস্থলে যোগদান করতে হবে

২০তম বিসিএস পরীক্ষায় সাধারণ শিক্ষা ক্যাডারে নিয়োগপ্রাপ্ত ২০৯ কর্মকর্তাকে বিভিন্ন কলেজে প্রভাষক পদে নিয়োগ দান করা হয়েছে। মঙ্গলবার ঢাকায় শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে তাঁদের আগামী ৩১ মে স্ব স্ব কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হয়েছে। প্রজ্ঞাপনে আরও বলা হয়েছে, যদি কোন কর্মকর্তা উক্ত তারিখ ও নির্দিষ্ট সময়ে কর্মস্থলে যোগদান করতে অপারগ হন, তাহলে ঐ একই দিন তিনি মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরে যোগদানপত্র দাখিল করতে পারবেন। শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে বলা হয়েছে, নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, নতুন নিয়োগপ্রাপ্ত প্রভাষকদের আবাসিক ঠিকানায় তাদের যোগদানের প্রজ্ঞাপন ইতোমধ্যেই পাঠানো হয়েছে।

## ১১২০ জন সহকারী অধ্যাপক পদোন্নতি পেয়েছেন

বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের ১১২০ জন সহকারী অধ্যাপক মঙ্গলবার সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি লাভ করেছেন। পদোন্নতিপ্রাপ্তদের অবিলম্বে নিজ নিজ কর্মস্থলে পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের নির্দেশ দেয়া হয়েছে।—তথ্য বিবরণী।